

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৪১

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজের (বিএপিএলসি) প্রতিনিধি দলের সাথে বিএসইসির সভা প্রসঙ্গে।

অদ্য ১৮ জুন ২০২৬ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) তানভীর হাবিব রহমান, সিপিএ, বিএসইসি'র কমিশনার নাহিদ মাহতাব, বিএসইসি'র কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠিত সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর পক্ষ থেকে সংগঠনটির সভাপতি ও ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক রিয়াদ মাহমুদ, সহ-সভাপতি ইঞ্জিনিয়ার সৈয়দ ইশতিয়াক আহমেদ ও সেক্রেটারি জেনারেল মো: আমজাদ হোসেন উপস্থিত ছিলেন।

সভায় পুঁজিবাজারের মাধ্যমে দীর্ঘমেয়াদি অর্থায়ন নিশ্চিতকরণ এবং দেশের পুঁজিবাজারে ভালো কোম্পানি তালিকাভুক্তির উপর গুরুত্বারোপ করা হয়। ভালো অনেক কোম্পানির পুঁজিবাজারে তালিকাভুক্তিতে আগ্রহ রয়েছে এবং তালিকাভুক্ত কোম্পানিসমূহের সংগঠন হিসেবে বিএপিএলসি এক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে চায় মর্মে বিএপিএলসির পক্ষ থেকে সভায় জানানো হয়েছে। একইসাথে দেশের পুঁজিবাজারে নতুন কোম্পানির তালিকাভুক্তির ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতা ও সমস্যাসমূহ সমাধানের অনুরোধ জানানো হয়। বিএসইসির পক্ষ থেকে পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীদের কল্যাণের স্বার্থে যথা সম্ভব সহায়তার আশ্বাস দেওয়া হয়। এছাড়াও পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সভায় আলোচনা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র
১৮/০৬/২০২৬

